

■ সোয়াদ | □□d | ০০০

আয়াতঃ ৩৮: ৭

💵 আরবি মূল আয়াত:

مَا سَمِعنَا بِهِٰذَا فِي المِلَّةِ الأَخِرَةِ إِن هٰذَا إِلَّا احْتِلَاقٌ ﴿٧﴾

🗚 আনুবাদসমূহ:

আমরা তো সর্বশেষ ধর্মে এমন কথা শুনিনি*। এটা তো বানোয়াট কথা ছাড়া আর কিছু নয়। — আল-বায়ান এমন কথা তো আমাদের নিকট অতীতের মিল্লাতগুলো থেকে শুনিনি। এটা শুধু একটা মন-গড়া কথা। — তাইসিরুল আমরাতো অন্য ধর্মাদর্শে এরূপ কথা শুনিনি; এটা এক মনগড়া উক্তি মাত্র। — মুজিবুর রহমান

We have not heard of this in the latest religion. This is not but a fabrication.

— Sahih International

- ৭. আমরা তো অন্য ধর্মাদর্শে(১) এরূপ কথা শুনিনি; এটা এক মনগড়া উক্তি মাত্র।
 - (১) অন্য ধর্মদর্শ বলে কি বুঝানো হয়েছে এ ব্যাপারে মতভেদ আছে। ইবনে আব্বাস থেকে এক বর্ণনায় বলা হয়েছে যে, এখানে সর্বশেষ মিল্লাত নাসারাদের দ্বীনকে উদ্দেশ্য নেয়া হয়েছে। অপর বর্ণনা মতে এখানে কুরাইশদের পূর্বপুরুষদের দ্বান বুঝানো হয়েছে। [কুরতুবী, বাগভী]

তাফসীরে জাকারিয়া

- (৭) আমরা শেষ ধর্মাদর্শে এরূপ কথা শুনিনি;[1] এটি এক মনগড়া উক্তি। [2]
 - [1] শেষ বা পূর্ব ধর্মাদর্শ বলতে তাদেরই কুরাইশী ধর্মাদর্শ অথবা খ্রিষ্টান ধর্মকে বুঝানো হয়েছে। অর্থাৎ, মুহাম্মাদ যে তাওহীদের দাওয়াত দিচ্ছে, সে সম্পর্কে আমরা ইতিপূর্বে অন্য কোন ধর্মে শ্রবণ করিনি।
 - [2] অর্থাৎ, এই প্রকার তাওহীদ তাঁর নিজের মনগড়া, তাছাড়া খ্রিষ্টান ধর্মেও আল্লাহর সাথে অন্যকে উপাস্য হওয়াতে অংশীদার মানা হয়েছে।

তাফসীরে আহসানল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3977

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন

^{*} তাদের জন্য সর্বশেষ ধর্ম ছিল খৃস্টধর্ম। কারো কারো মতে তা ছিল কুরাইশদের ধর্ম।